



কৃষি বিভাগ - পশ্চিমবঙ্গ সরকার



কৃষি যন্ত্রপাতি বিতরণ ও কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপন কর্মসূচী ২০১৭-১৮ সরকারী আর্থিক সহায়তায় কৃষি যন্ত্রপাতি কেনার সুযোগ নিন

কৃষকদের মধ্যে কৃষি যন্ত্রপাতি বিতরণে পশ্চিমবঙ্গ এখন দেশের মধ্যে অগ্রণী। বিগত পাঁচ বছরে প্রায় ৩৯০ কোটি টাকার আর্থিক সাহায্যে ১.৮৭ লাখ বড় যন্ত্রপাতি (ট্র্যাক্টর, পাওয়ার টিলার, রোটোভেটর প্রভৃতি) ও ১.৪৭ লাখ ছোট কৃষি যন্ত্রপাতি (খান ঝাড়া মেশিন, স্প্রেয়ার প্রভৃতি) বিতরণ এবং ৫৮৬ টি কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপন করা হয়েছে।

২০১৭-২০১৮ সালের কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য আবেদন পত্র অনলাইনে www.matirkatha.gov.in -এর মাধ্যমে আগামী ১০ ই অক্টোবর থেকে ৩১ শে অক্টোবর ২০১৭ পর্যন্ত জমা নেওয়া হবে। তথ্যমিত্র কেন্দ্রের মাধ্যমে অনলাইন আবেদনে জমা দেওয়া যেতে পারে। অনলাইনে জমা দেওয়া আবেদনপত্রের প্রিন্ট নিয়ে সমস্ত নথীসহ সংশ্লিষ্ট ব্লক/জেলা কৃষি অফিসে ৩১শে অক্টোবর ২০১৭ এর মধ্যে জমা দিতে হবে।

অনলাইন ব্যতিরেকে আবেদন পত্র সরাসরি সংশ্লিষ্ট ব্লক/জেলা কৃষি অফিসে ২৫শে অক্টোবর ২০১৭ থেকে ৩১শে অক্টোবর ২০১৭ পর্যন্ত জমা দেওয়া যেতে পারে।

আগামী ৩০ শে নভেম্বর ২০১৭ -এর মধ্যে অনুমোদিত প্রাপকের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।

ছোট যন্ত্রপাতির (হস্ত ও পশু চালিত) ক্ষেত্রে নির্ধারিত হারে মোট ভরতুকির পরিমাণ সর্বাধিক ১০,০০০/- টাকা পর্যন্ত পাওয়া যাবে।

বড় যন্ত্রপাতির ক্ষেত্রে নির্ধারিত হারে যন্ত্রবিশেষে ভরতুকি সর্বনিম্ন ৬০০০/- টাকা থেকে সর্বাধিক ২ লক্ষ টাকা পর্যন্ত ভরতুকি পাওয়া যাবে।

কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্রের (CHC) প্রোজেক্ট কস্ট ২০ লক্ষ টাকা থেকে ২কোটি টাকা পর্যন্ত হতে পারে। চালু সি.এইচ.সি. বিস্তারের জন্য প্রোজেক্ট কস্ট ন্যূনতম ২০ লক্ষ টাকা হতে হবে। সরকারী সহায়তার পরিমাণ প্রোজেক্ট কস্টের ৪০% বা সর্বাধিক ৮০ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে।

বড় ও ছোট যন্ত্রপাতির আবেদন পত্র সংশ্লিষ্ট ব্লকের সহ কৃষি অধিকর্তার অফিসে এবং কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্রের আবেদন পত্র সংশ্লিষ্ট জেলার উপ কৃষি অধিকর্তা (প্রশাসন) এর অফিসে জমা দিতে হবে।

সমস্ত মেশিন অবশ্যই ISI Mark/FMTTI Certified হতে হবে, যে সব যন্ত্রের অনুরূপ Certification একেবারেই হয় না সেগুলি অবশ্যই অত্যন্ত উন্নত মানের হতে হবে।

বিশদ বিবরণের জন্য 'মাটির কথা' ওয়েবসাইট : www.matirkatha.gov.in বা ব্লক / মহকুমা/জেলা স্তরের কৃষি অফিসে যোগাযোগ করা যেতে পারে।
টোল ফ্রি নং : ১৮০০ ১০৩ ১১০০